

[প্রতিষ্ঠান | তারিখ]

সুরক্ষা ভিসা

ব্রিফিং ডেক

সুরক্ষা ভিসা সংক্রান্ত আলোচনা পরিবর্তন করুন



Australian Government

ভূমিকা

সুরক্ষা ভিসা (সাবক্লাস 866) হল সেই সকল আশ্রয়প্রার্থীদের জন্য যারা সত্যিকার অর্থে নিজ দেশে গুরুতর ক্ষতি বা নির্যাতনের ঝুঁকিতে রয়েছে।

অস্ট্রেলিয়ান সরকার
সুরক্ষা ভিসা এবং এই প্রোগ্রামটির অপব্যবহার করার
পরিণতি সম্পর্কে
জনগণকে সচেতন করার জন্য একটি প্রচারণা শুরু
করেছে।

অস্ট্রেলিয়া এবং বিদেশের বিভিন্ন সম্প্রদায়ে সুরক্ষা
ভিসা সম্পর্কে ক্রমবর্ধমান ভুয়া তথ্য ছড়িয়ে পড়ছে।

এই ভুয়া তথ্য সুরক্ষা ভিসা আবেদনকারী এবং তাদের
পরিবারের জন্য গুরুতর পরিণতি ডেকে আনতে পারে।

এই প্রচারণার উদ্দেশ্য হল ভুয়া তথ্যের বিস্তার রোধে
প্রয়োজনীয় তথ্য ও উপকরণ সরবরাহ করা এবং
সম্প্রদায়গুলি যাতে তাদের প্রয়োজনীয় পরামর্শ পায়
সেটি নিশ্চিত করা।

ভুয়া তথ্যের বিস্তার রোধে ডিপার্টমেন্ট অব হোম
অ্যাফেয়ার্স সুরক্ষা ভিসার আবেদনের কথা ভাবছেন
এমন যে কোনও ব্যক্তিকে শরণার্থী ও অভিবাসন
সংক্রান্ত বিশেষজ্ঞ আইন সরবরাহকারীদের কাছ
থেকে
বিনামূল্যে আইনি পরামর্শ প্রদান করছে।

এই পরামর্শটি মানুষকে
সুরক্ষা ভিসার জন্য যোগ্য কিনা তা খুঁজে বের করতে
সাহায্য করবে
এবং অনিবার্জিত মাইগ্রেশন এজেন্টের মাধ্যমে ভুল
পরামর্শ প্রদানের ঝুঁকি হ্রাস করবে।

সুরক্ষা ভিসা সম্পর্কে ভুয়া তথ্য

সুরক্ষা ভিসা হল সেই সকল আশ্রয় প্রার্থী (বা তাদের পরিবারের জন্য) যারা গুরুতর ক্ষতির সত্যিকারের ঝুঁকিতে আছে যদি তারা নিজ দেশে ফিরে যায় কিংবা যাদের মনে তীব্র আতংক রয়েছে যে

তারা জাতি, ধর্ম,
জাতীয়তা, নির্দিষ্ট কোন সামাজিক গোষ্ঠীর সদস্য পদ
অথবা রাজনৈতিক বিশ্বাসের কারণে নিপীড়নের শিকার হতে পারে।

সুরক্ষা ভিসা তাদের জন্য নয় যারা শুধুমাত্র কাজ করার উদ্দেশ্যে
অস্ট্রেলিয়ায় দীর্ঘদিন থাকতে চায়।

সোশ্যাল মিডিয়া এবং অনলাইন চ্যাট গ্রুপে পরিষেবা প্রচার করছেন এমন
কিছু অনির্বন্ধিত অভিবাসন পরামর্শদাতা
কেবল কাজ করার জন্য বা অস্ট্রেলিয়ায় তাদের থাকার মেয়াদ বাড়ানোর
জন্য মানুষকে সুরক্ষা ভিসা ব্যবহার করতে বলছেন।

এই পরামর্শদাতারা সুরক্ষা ভিসার জন্য আবেদনকারীদের মিথ্যা বা
বিশ্রাস্তিকর তথ্য এবং ভুয়া কাগজপত্র দিতে বলতে পারেন। কেউ কেউ
আবার এই ভুল পরামর্শের জন্য
হাজার হাজার ডলার চার্জ করছেন।

অস্ট্রেলিয়ায় একজন ব্যক্তি যদি নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট বা অস্ট্রেলিয়ান
আইনিজীবী না হন তাহলে অভিবাসনের পরামর্শের জন্য চার্জ করা আইন
বিরুদ্ধ।

কিছু কিছু নিয়োগকর্তা অস্থায়ী ভিসাধারীদের মিথ্যা বা বিশ্রাস্তিকর তথ্য
ব্যবহার করে সুরক্ষা ভিসার জন্য আবেদন করতে বলে অস্ট্রেলিয়ায় চাকরির
সুযোগ দিতে পারেন।

শিক্ষার্থীদেরও বলা হচ্ছে যে তারা মিথ্যা বা বিশ্রাস্তিকর তথ্য ব্যবহার করে
সুরক্ষা ভিসার জন্য আবেদন করে অস্ট্রেলিয়ায় আরও বেশি সময় থাকতে
এবং কাজ করতে পারবেন।

ভুয়া তথ্যের ঝুঁকি

ভিসার আবেদন যাচাইয়ের সময় কমিয়ে আনার জন্য সুরক্ষা ভিসা ব্যবস্থায় বড় পরিবর্তন আনা হয়েছে। এর অর্থ হল যারা কেবল কাজ করার জন্য বা অস্ট্রেলিয়ায় তাদের থাকার মেয়াদ বাড়ানোর জন্য সুরক্ষা ভিসার জন্য আবেদন করবেন তাদের আবেদন দ্রুত প্রত্যাখ্যান করা হবে।

সাম্প্রতিক বছরগুলির তুলনায় বেশিরভাগ নতুন সুরক্ষা ভিসার আবেদন এখন প্রায় ৮ গুণ দ্রুত গতিতে নিষ্পত্তি করা হচ্ছে। যারা মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য দিয়ে সুরক্ষা ভিসার আবেদন জমা দেন তারা বড় অংকের জরিমানা এবং সম্ভাব্য কারাবাসের মত গুরুতর পরিণতির সম্মুখীন হন।

প্রত্যাখ্যাত সুরক্ষা ভিসার আবেদন একজন ব্যক্তির ইমিগ্রেশন রেকর্ডে থেকে যায়। এর অর্থ হল আবেদনকারী এবং তাদের পরিবারের জন্য অস্ট্রেলিয়ায় ফিরে আসাটা কঠিন হয়ে পড়ে পড়তে পারে, এমনকি ভিজিটর, শিক্ষার্থী কিংবা অস্থায়ী কাজের ভিসা থাকলেও।

সুরক্ষা ভিসা সংক্রান্ত আলোচনা পরিবর্তন করুন

এছাড়াও আবেদনকারীর ভিসার ধরনের উপর নির্ভর করে এটি অস্ট্রেলিয়ার বাইরে অন্যান্য দেশে ভবিষ্যতে ভিসার আবেদনের ক্ষেত্রে সমস্যা তৈরি করতে পারে।

প্রত্যাখ্যাত সুরক্ষা ভিসা আবেদনকারীরা অন্যান্য বেশিরভাগ ভিসার জন্য আবেদন করতে পারবেন না এবং তাদের অস্ট্রেলিয়া থেকে চলে যেতে হবে। যদি তাদের বৈধ ভিসা না থাকে তবে অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্স তাদের আটক করে দেশে ফেরত পাঠাতে পারে। এছাড়াও আবেদনকারীকে দেশে ফেরত পাঠানোর খরচ বহন করতে হতে পারে, যা হাজার হাজার ডলার হতে পারে।

এই বছর অস্ট্রেলিয়ান বর্ডার ফোর্স অস্থায়ী ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়া সুরক্ষা ভিসা আবেদনকারীদের আটক করে অস্ট্রেলিয়া থেকে নিজ দেশে ফেরত পাঠানোর উপর গুরুত্বারোপ করে একটি নতুন অভিযান শুরু করেছে। এই অভিযান চলমান রয়েছে।



আপনি কিভাবে সাহায্য করতে পারেন

যে পরিমান সুরক্ষা ভিসার আবেদন মঞ্জুর হয় তার চেয়ে অনেক বেশি আবেদন প্রত্যাখ্যাত হয়।

৮৫% এরও বেশি আবেদনপত্র প্রত্যাখ্যাত হয়, কারণ সেগুলি ভিসার আবশ্যকতা পূরণ করে না। কিছু কিছু দেশের আবেদনকারীদের প্রত্যাখ্যানের হার ১০০% এর কাছাকাছি।

সুরক্ষা ভিসার আবেদনের কথা ভাবছেন
এমন ব্যক্তিদের কাছে ভুয়া তথ্যের বিস্তার রোধে
অস্ট্রেলিয়ার সম্প্রদায় এবং সংস্থাগুলির
গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

এর মধ্যে রয়েছে ভিসার আবেদনে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদানের
ঝুঁকি এবং অনিবার্জিত অভিবাসন পরামর্শদাতা ব্যবহার করার ঝুঁকি
সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়া।

সম্ভাব্য আবেদনকারীদের বলুন যে সুরক্ষা ভিসা আশ্রয়প্রার্থীদের জন্য -
এগুলি এমন লোকদের জন্য নয় যারা কেবল অস্ট্রেলিয়ায় কাজ করার
জন্য দীর্ঘ সময় থাকতে চান।

যদি সুরক্ষা ভিসার জন্য আবেদনকারী কেউ আপনাকে
তাদের জন্য একটি সহায়তা পত্র লিখতে বলেন, তাহলে আপনার কেবল
তখনই এটি করা উচিত যদি আপনি মনে করেন যে তারা দেশে ফিরে গেলে
তাদের গুরুতর ক্ষতি বা নির্যাতনের ঝুঁকি রয়েছে।

তাদের স্টেট বা টেরিটরির কোনো শরণার্থী এবং অভিবাসন সংক্রান্ত
বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে
বিনামূল্যে আইনি পরামর্শ নিতে উৎসাহিত করুন।

আপনি কিভাবে সাহায্য করতে পারেন

সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভাবছেন এমন অনেকেই জানেন না বা বোঝেন না যে তারা যে দেশ থেকে অস্ট্রেলিয়ায় সুরক্ষা চাইছেন সেখানে গেলে তাদের খারাপ পরিণতি হতে পারে।

সম্ভাব্য সুরক্ষা ভিসা আবেদনকারীরা এটি বুঝতে পারছেন কিনা তা যাচাই করে দেখুন:

- যদি তারা সুরক্ষা ভিসার আবেদন জমা দেন, তাহলে তারা যে দেশ থেকে অস্ট্রেলিয়ায় সুরক্ষা চাইছেন এমন দেশে ভ্রমণ করতে পারবেন না, এমনকি যদিও তাদের পরিবার সেখানে থাকে।
- যদি তাদের সুরক্ষা ভিসা দেওয়া হয়, তাহলে তারা অস্ট্রেলিয়ার সরকারের অনুমতি ছাড়া যে দেশ থেকে আশ্রয় চেয়েছেন এমন দেশে ভ্রমণ করতে পারবেন না, এমনকি যদিও তাদের পরিবার সেখানে থাকে।

সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভাবছেন এমন যে কাউকে তাদের স্টেট বা টেরিটরির কোনো শরণার্থী এবং অভিবাসন সংক্রান্ত বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে বিনামূল্যে আইনি পরামর্শ নিতে উৎসাহিত করুন।

এই পরামর্শ সম্ভাব্য আবেদনকারীদের সুরক্ষা ভিসার জন্য যোগ্য কিনা তা জানতে, আবেদন প্রক্রিয়া ব্যাখ্যা করতে এবং সুরক্ষা ভিসার আবেদন প্রত্যাখ্যান করা হলে নেতিবাচক পরিণতিগুলি বুঝতে সাহায্য করতে পারে।

অস্ট্রেলিয়ার সরকার কিভাবে আপনার সম্প্রদায়কে সাহায্য করতে পারে

সুরক্ষা ভিসার জন্য আবেদন করার কথা ভাবছেন এমন যে কাউকে নিম্নোক্ত বার্তাটি পৌঁছে দেয়ার জন্য আমরা আপনাকে উতসাহিত করছিঃ

1. আরও তথ্যের জন্য অফিসিয়াল [অস্ট্রেলিয়ান সরকারের ওয়েবসাইট](#) দেখুন।
2. আপনার স্টেট বা টেরিটরির কোনো শরণার্থী এবং অভিবাসন সংক্রান্ত বিশেষজ্ঞ আইনজীবীর কাছ থেকে [বিনামূল্যে আইনি পরামর্শ](#) নিন।
3. [অফিস অফ মাইগ্রেশন এজেন্টস রেজিস্ট্রেশন অথরিটি](#) থেকে যাচাই করে একজন নিবন্ধিত মাইগ্রেশন এজেন্ট খুঁজুন।
4. নিজেকে এবং আপনার সম্প্রদায়কে রক্ষা করুন। নিজের নাম পরিচয় গোপন করে অবৈধ অভিবাসন পরামর্শদাতাদের ব্যাপারে [অস্ট্রেলিয়ার বর্ডার ওয়াচ](#) এর কাছে রিপোর্ট করুন।
5. আপনার জন্য [বিকল্প ভিসা পন্থা](#) উপযুক্ত কিনা তা খুঁজে বের করুন।

ডিপার্টমেন্ট অব হোম অ্যাফেয়ার্স পোস্টার, তথ্যপত্র, সোশ্যাল মিডিয়া টাইলস এবং অন্যান্য উপকরণ তৈরি করেছে যা আপনি আপনার সম্প্রদায়কে সুরক্ষা ভিসা সম্পর্কে অবহিত করতে ব্যবহার করতে পারেন।

আপনি [এখানে](#) এগুলি পেতে পারেন।

সোশ্যাল মিডিয়ায় নেতিবাচক মন্তব্যের প্রতিক্রিয়া কীভাবে জানাবেন সে সম্পর্কে পরামর্শ

অস্ট্রেলিয়া এবং বিদেশে বসবাসকারী ব্যক্তিদের
সুরক্ষা ভিসা প্রদান সম্পর্কে সোশ্যাল মিডিয়া
প্ল্যাটফর্ম এবং গ্রুপগুলিতে প্রচুর ভুয়া তথ্য
রয়েছে।

আপনি যদি দেখেন যে সুরক্ষা ভিসা সম্পর্কে অনলাইন
ফোরাম বা গ্রুপগুলিতে ভুয়া তথ্য ছড়ানো হচ্ছে,
তাহলে আপনার কাছে এটিকে ভুয়া তথ্য হিসাবে
চিহ্নিত করার এবং অফিসিয়াল লিঙ্ক
homeaffairs.gov.au/protection সহ এই নথির
মধ্যে শেয়ার করা সঠিক তথ্য প্রচার করার একটি
গুরুত্বপূর্ণ সুযোগ রয়েছে।

কেউ যদি সুরক্ষা ভিসা আবেদনে মিথ্যা বা বিভ্রান্তিকর
তথ্য জমা দেয় অথবা অনিবার্হিত মাইগ্রেশন
পরামর্শদাতা ব্যবহার করে তাহলে কী কী ঝুঁকি তৈরি
হতে পারে সে সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দিয়ে
নিজেকে এবং আপনার সম্প্রদায়কে সুরক্ষিত রাখুন।

সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল প্রথম পদক্ষেপ হিসেবে
সম্ভাব্য আবেদনকারীদের [বিনামূল্যে আইনি পরামর্শ](#)
নিতে উৎসাহিত করুন।

[প্রতিষ্ঠান | তারিখ]

অংশগ্রহণের জন্য

আপনাকে ধন্যবাদ

সুরক্ষা ভিসা সংক্রান্ত আলোচনা পরিবর্তন করুন



Australian Government